


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন, ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৬৩.২২-৪৪৩

তারিখঃ ১৬ আগস্ট ২০২২

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব আসমা খাতুন, মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, কালিগঞ্জ, সাতক্ষীরা উপজেলায় ০৮ মার্চ, ২০২২ তারিখ থেকে কর্মরত আছেন। উপজেলায় প্রকল্পের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম পর্যালোচনাত্তে দেখা যায় যে, অদ্য ১৬ আগস্ট, ২০২২ তারিখে আপনার ব্লকভুক্ত সমিতিসমূহে কিস্তি আদায়ের হার ৪৬%, কিস্তি খেলাপীর পরিমাণ প্রায় ৩৭.৮২ লক্ষ টাকা এবং মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ প্রায় ৭.৫৬ লক্ষ টাকা। প্রকল্প সদর দপ্তর হতে আপনার গতিবিধি পর্যবেক্ষণে প্রতীয়মান হয় যে, আপনি নিয়মিত সাপ্তাহিক ভিত্তিতে সমিতিতে গমন করেন না এবং আপনার উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করছেন না। কর্তব্যকর্মে অবহেলার জন্য কেন আপনার বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যা অত্র পত্র জারির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশক্রমে বলা হলো।


মোঃ সাদেকুর রহমান
উপ প্রকল্প পরিচালক

জনাব আসমা খাতুন
মাঠ সংগঠক
ইরেসপো, বিআরডিবি,
কালিগঞ্জ, সাতক্ষীরা।

অনুলিপি কার্যার্থে (জেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ-----।
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ-----।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----।

জ্ঞাতার্থেঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস নথি।